গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

টেলিযোগাযোগ অধিদপ্তর

প্রশাসন-১ শাখা

৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

নম্বর ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২২৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরের অক্টোবর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অক্টোবর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা আগামী ১৮/১০/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে (কক্ষ নম্বর ৪০৩) অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী চূড়ান্তকরণের নিমিত্ত পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং সভায় উপস্থাপনযোগ্য সুনির্দিষ্ট এজেন্ডাসমূহ উপপরিচালক (প্রশাসন) এর ইমেইলে (dd.admin@telecomdept.gov.bd) আগামী ১৬/১০/২০২২ তারিখ বিকাল ০১:০০ ঘটিকার মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উক্ত সভায় অধিদপ্তরের সহকারি পরিচালক/সমপর্যায় (৯ম গ্রেড) ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করবেন।

খসড়া আলোচ্যসূচী নিম্নরূপ-

১) পূর্ববর্তী সমন্বয় সভার কার্য্য বিবরণী পাঠ, অনুমোদন ও দৃঢ়ীকরণ।

২) সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের অগ্রগতি।

৩) সিটিডিআর সেন্টারের সার্বিক কার্যাবলীর মাসিক প্রতিবেদন।

৪) সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের অগ্রগতি।

৫) অধিদপ্তরের প্রদত্ত সেবা বিষয়ক মাসিক মনিটরিং প্রতিবেদন।

৬) বিবিধ।

সংযুক্তি : পূর্ববর্তী সভার কার্যবিবরণী।

১১-১০-২০২২

মোঃ মফিজ উদ্দিন

পরিচালক

ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০

ফ্যাক্স: 880-2-9830922

ইমেইল:
dir.admin@telecomdept.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

২) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের নিমিত্ত)

৫) উপপরিচালক, ট্যারিফ অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) সিনিয়র সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৭) সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৮) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য)

# মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২২/ ০৬ আশ্বিন ১৪২৯, রোজ বুধবার

সময় : ১১.০০ ঘটিকা

| ক্র. | বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১) | আগষ্ট ২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্য্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২২/০৮/২০২২ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত আগষ্ট ২০২২ মাসের সমন্বয় সভার কার্য্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | |
| ২) | সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন কার্যক্রম | ক) সিটিডিআর সেন্টারের "Supply, Installation, Testing and Commissioning of Equipment for Capacity Enhancement and System Augmentation of Cyber Threat Detection and Response System" শীর্ষক কাজের অগ্রগতি প্রতিবেদন। | দরপত্রের চুক্তি অনুযায়ী সকল সাইটের যাবতীয় কাজ সমাপ্ত হয়েছে। | | |
| | | খ) NOC এর Fire protection system কাজ বাস্তবায়নের নিমিত্তে Craytec এর সহিত রক্ষণাবেক্ষন চুক্তির আওতায় কাজের অগ্রগতি। | AMC সম্পাদিত হয়েছে, ফায়ার প্রটেকশন সিস্টেমের কাজ চলমান রয়েছে। | | |
| | | গ) বিটিসিএলের Transmission Link ভাড়ার নিমিত্তে চুক্তিনামা সম্পাদনের পর কাজের অগ্রগতি। | বিটিসিএল থেকে নেয়া সিটিডিআর সেন্টারের লিংকসমূহের সুষ্ঠু পরিচালনার নিমিত্ত বিটিসিএলের সাথে একটি SLA সম্পাদন করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | দ্রুততম সময়ে SLA সম্পাদন করতে হবে। | পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার |
| ৩ | সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের মাসিক প্রতিবেদন | ডিপিপি অনুযায়ী জনবল পদস্থাপন এবং অন্যান্য কাজের অগ্রগতি | ১। প্রকল্প পরিচালকসহ জনবল নিয়োজিত হয়েছে।<br>২। এডিপিতে বরাদ্দ না থাকায় মন্ত্রণালয়ের থোক বরাদ্দ হতে ২৫ কোটি টাকার চাহিদা এএমএস সিস্টেমে প্রক্রিয়াধীন রয়েছে।<br>৩। ক্রয়পরিকল্পনা, সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুমোদিত হয়েছে।<br>৪। ৫টি ক্রয় প্যাকেজের কারিগরি বিনির্দেশ কমিটি গঠন করা হয়েছে। বহিঃ সদস্য পাওয়া গেলে এ বিষয়ে কাজ শুরু হবে। | ১০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে কাজের অগ্রগতি অবহিত করতে হবে। | প্রকল্প পরিচালক, সিটিডিআর (ফেইজ-২) প্রকল্প। |

| ক্র. | বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ৪) | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন। | ক) প্রকল্পের আওতায় স্কুল ও পাড়াকেন্দ্রের ক্লাশরুমে ইলেকট্রিক্যাল মালামালের ডেলিভারী কাজের অগ্রগতি। | প্রকল্পের আওতায় ১৯৭৮টি ক্লাসরুমের মধ্যে ১৬১৮টি ক্লাসরুমের কাজ সম্পন্ন হয়েছে। | কাজের অগ্রগতি ১৫ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে অবহিত করতে হবে। | প্রকল্প পরিচালক, সিটিডিআর ফেইজ-২ প্রকল্প। |
| | | খ) প্রকল্পের আওতায় স্কুল ও পাড়াকেন্দ্রের ইলেকট্রিক্যাল মালামালের ইনস্টলেশন কাজের অগ্রগতি। | | | |
| | | গ) প্রকল্পের আওতায় স্কুল ও পাড়াকেন্দ্রের আইটি অংশের ডেলিভারী কাজের অগ্রগতি। | | | |
| | | ঘ) প্রকল্পের আওতায় স্কুল ও পাড়াকেন্দ্রের আইটি অংশের ইনস্টলেশন কাজের অগ্রগতি। | | | |
| | | ঙ) প্রকল্পের আওতায় সম্মানিত শিক্ষকগণের প্রশিক্ষণ কর্মসূচী চলমান রয়েছে। | ঙ) প্রকল্পের আওতায় এ পর্যন্ত ১৬১৮ জন সম্মানিত শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | | |
| | | চ) প্রশিক্ষণ কর্মসূচী শেষে প্রকল্পের PAT (Provisional Acceptance Test) কাজ শুরু হবে। | পিএটি কার্যক্রম চলমান আছে। | | |
| ৫) | আগষ্ট ২০২২ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি | ক) যোগদান ও পদস্থাপনের ২০ টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। পিআরএল মঞ্জুরির ২০টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। | পরবর্তীতে পেনশনের আবেদনপত্র গ্রহণের তারিখ উল্লেখপূর্বক পেনশন নিষ্পত্তির বিষয়টি সেবা মনিটরিং প্রতিবেদনে অন্তর্ভূক্ত করতে হবে। | |
| | | খ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | খ) নন-ক্যাডার ২ (দুই) কর্মকর্তার উচ্চতর গ্রেড প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন।<br><br>এযাবত বাছাইকৃত ৩২১ জন কর্মচারীর মধ্যে যোগ্য হিসেবে ২৪৯ জনকে বিবেচনা করা হয়। এর মধ্যে ১৪৭ জনকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। বাকী ১০২ জনের আবেদন প্রক্রিয়াধীন আছে। উক্ত ১০২ জনের মধ্যে ৮০ জনের এসিআর/মামলার তথ্য পাওয়া যায়নি। উপস্থাপনের অপেক্ষায় আছে ৩টি আবেদন, এবং মন্ত্রণালয়ে (১ম গ্রেড থেকে ৯ম গ্রেডে উচ্চতর গ্রেড) প্রেরণ করা হয়েছে ১৯টি আবেদন। | | |
| | | গ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরী | গ) ডিওটি থেকে চলতি মাসের ৪১টিসহ সিএএফও অফিসে মোট প্রেরণ করা হয়েছে ১০৭টি। যার মধ্যে ৪০টি নিষ্পত্তি হয়েছে, ৬২টি সিএএফও অফিসে প্রক্রিয়াধীন আছে, এবং ৫টি ফেরত এসেছে। | | |
| | | ঘ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরী | ঘ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | | |

| ক্র. | বিষয়ের শিরোনাম | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | | ঙ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী | ঙ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক প্রাপ্ত সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | | |
| ৬) | বিবিধ | ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের তথ্য বাতায়নের সিটিজেন চার্টার অংশ হালনাগাদ করণ। | ক) উপপরিচালক (আইসিটি বাস্তবায়ন) অধিদপ্তরের তথ্য বাতায়নের সিটিজেন চার্টারসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করবেন। | | |
| | | খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন আগামী ১০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রকাশ। | খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ১০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রকাশের জন্য ২০২১-২২ অর্থ বছরের জন্য গঠিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ কমিটি ব্যবস্থা গ্রহণ করবে। | | |
| | | গ) ডিওটি কর্তৃক চলমান সেবা সমীক্ষার রিপোর্ট ডিসেম্বর ২০২২ মাসের মধ্যে প্রদান। | গ) সেবা সমীক্ষার আওতাধীন প্রয়োজনীয় কাজসমূহ অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) নেতৃত্বে সম্পন্ন করতে হবে। | | |
| | | ঘ) ডিওটি লোগো ও স্লোগান পরিবর্তন। | ঘ) এ বিষয়ে গঠিত কমিটি দ্রুততম সময়ের মধ্যে তাদের প্রস্তাবনা শেষ করবে। | | |
| | | ঙ) টেলিকম ক্যাডারের কর্মকর্তার জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন এবং হালনাগাদকরণ। | ঙ) টেলিকম ক্যাডারের কর্মকর্তার জ্যেষ্ঠতার তালিকা ইতোমধ্যে প্রণীত হয়েছে এবং তা মন্ত্রণালয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হয়েছে। | | |
| | | চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক অর্গানোগ্রাম সম্পর্কিত তথ্য সরবরাহের জন্য এমপ্লয়িজ ডাটাবেইজ হালনাগাদকরণ। | চ) বিটিসিএল থেকে তথ্য ইতোমধ্যে পাওয়া গেছে। এ বিষয়ে ডাটাবেইজ হালনাগাদকরণ প্রক্রিয়া চলমান রয়েছে। | | |

২৮/০৯/২০২২
মোঃ সফিজ উদ্দিন
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
ফোন: ০২ ৯৮৩১০০৫

২৮/০৯/২০২২
সাধন কুমার দাস
উপ-পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
ফোনঃ ০২-৯৮৩০৯৩৩

28/9/22
Engr. Md. Mafiz Uddin
BCS (Telecom)
Director (Admin)
Department of Telecommunications
423-428, Tejgaon I/A, Dhaka-1208
Phone: 02-9830400

(মোঃ তাসকিনুর রহমান)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাঃ ও অর্থ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
টেলিফোন: + ৮৮০২-০২-৯৮৩১০০০

২৮/৯/২২
মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮
ফোন-০২-৯৮৩০৯১১